উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৬৭তম মাসিক সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ জনাব মোঃ ফারাশিদ বিন এনাম
প্রশাসক,উপজেলা পরিষদ,
বাজিতপুর,কিশোরগঞ্জ ।
স্থান ঃ উপজেলা পরিষদের কনফারেন্সরুম।
তারিখ ঃ ৩০/১২/ ২০২৪ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও উপজেল প্রশাসক, উপজেলা পরিষদ বাজিতপুর, উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের নভেম্বর/২০২৪ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, প্রতিবন্ধি ভাতা কার্ড প্রতি বৃহস্পতিবার ও গর্ভবতী মহিলাদের গর্ভকালীন কার্ড প্রতি রবিবার প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত ৩৫৫ টি সিজারিয়ান সম্পন্ন হয়েছে । গত নভেম্বর/২০২৪ মাসে ইউনিয়ন পরিষদ ০ থেকে ৪৫ দিনের মোট ২২৫ জন শিশুর জন্য নিবন্ধন তথ্য প্রেরণ করেছে। হাসপাতালে ভর্তিকৃত রোগীদের ভর্তির সময় এনআইডি কার্ড অথবা জন্ম নিবন্ধন নিয়ে আসতে হবে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান।	প্রতিবন্ধি ভাতা কার্ড ও গর্ভবতী মহিলাদের গর্ভকালীন কার্ড নিয়মিত প্রদান করতে হবে। নিয়মিত শিশুদের জন্ম নিবন্ধনের তথ্য প্রেরণ করতে বলা হলো।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বাজিতপুর কিশোরগঞ্জ।
০২	উপজেলা প্রাণীসম্পদ বিভাগ	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন প্রয়োগ করা হচ্ছে। উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের প্রচেষ্টায় সংক্রামক রোগের বিস্তার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। লাম্পিস্কিন ডিজিজ ও ফুট এন্ড মাউথ ডিজিজ নিয়ন্ত্রনের লক্ষ্যে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হচ্ছে। প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ১০জন খামারীর মাঝে সাইলেজ প্রযুক্তি হস্তান্তর করা হয়েছে। পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় বিনামূল্যে ছাগল ও ভেড়ার পিপিআর টিকা প্রয়োগ করা হয়েছে। ফ্রি-ভেটেরিনারি মেডিকেল টিম পরিচালনা করা হচ্ছে।	বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন সকল ইউনিয়নে সুন্দরভাবে সকল প্রাণীকে দেয়ার জন্য অনুরোধ করা হলো। পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় বিনামূল্যে ছাগল ও ভেড়ার পিপিআর টিকা প্রয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা বাজিতপুর।
০৩	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি বরাদ্ধ পাওয়া গিয়াছে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের নিকট থেকে বিভিন্ন প্রকল্প পাওয়া গিয়াছে উক্ত প্রকল্পগুলো যাচাই বাছাই করা হচ্ছে। আগামী সপ্তাহের মধ্যে প্রকল্পগুলো যাচাই কার্যক্রম শেষ করে চূড়ান্ত তালিকা প্রনয়ন করা হবে।	প্রকল্পগুলোর চূড়ান্ত তালিকা তৈরী করে পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপজেলা পরিষদের মাস্টার প্ল্যান প্রস্তুতকরন ও মুক্তিযোদ্ধা	১ উপজেলা প্রকৌশলী বাজিতপুর।

CamScanner

		তাছাড়া উপজেলা পরিষদের মাস্টার প্ল্যান প্রস্তুতকরন ও মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর ফার্নিচার ক্রয় বাবদ মোট= ৫,০০,০০০/- টাকা খরচ হবে। উক্ত কাজগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করা লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। এছাড়া অফিসের যাবতীয় কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	কমপ্লেক্স এর ফার্নিচার ক্রয় কোটেশানের মাধ্যমে উপজেলাপরিষদের উন্নয়ন তহবিল হতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৪	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে,মাঠে ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিতভাবে পরামর্শ প্রদান করছেন। তিনি আরও জানান চলতি রবি ২০২৪-২০২৫মৌসুমের জন্য বাজিতপুর উপজেলায় ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন লক্ষ্যে মাঠে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া : ৫০৪ মে.টন, টিএসপি: ৬৭ মে:টন, এমও পি: ৭৩ মে.টন, ডিএপি:৬৭ মে.টন। চলতি রবি মৌসুমের ৫৫জন কৃষককে গম বীজ ও সার ২১০জন কৃষককে ভুট্টা বীজ ও সার ১৫জন সূর্যমূখী বীজ ও সার ৫০জন কৃষকে চিনাবাদাম বীজ ও সার ৫০জন কৃষকে মসূর বীজ ও সার ২০জন কৃষককে খেসারী বীজ ও সার ২০জন কৃষককে শীতকালীন পেঁয়াজ বীজ ও সার এবং ৬০জন কৃষককে মুগ বীজ ও সার মোট ১৩৭০ জন কৃষককে বীজ ও সার সহায়তা প্রদান করা হয়েছে। চলতি রবি মৌসূমে ৩২০০ জন কৃষককে রোরো হাইব্রীড বীজ সহায়তা প্রদান করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান।	মাঠে ফসলের রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। এ ছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা বাজিতপুর কিশোরগঞ্জ।
৫	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৪ এর বিভিন্ন কার্যাবলী সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে।	১।সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর।
০৬	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪ - ২০২৫ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর,কাবিখা সাধারণ ও বিশেষ কোন বরাদ্ধ পাওয়া যায়নি। এ বিভাগের কার্যক্রম সুন্দরভাবে চলছে।	টিআর, কাবিখার বরাদ্দ পাওয়া গেলে প্রকল্প গুলো নেওয়া হবে।	১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর
০৭	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,২০২৫ শিক্ষাবর্ষের ১ম ও ২য় শ্রেণির শতভাগ পাঠ্যবই পাওয়া গেছে। আগামী ২৯/১২/২০২১৪ থেকে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত বাজিতপুর উপজেলা সকল প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ করা হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৪-২৫ অর্থবছরেরর ২০১২৪জন শিক্ষার্থীর উপবৃত্তির চাহিদা অনলাইনে দাখিল করা হয়েছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক অবস্থায় আছে।	১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদ্রমেরামত কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। সকল শিক্ষার্থীর বাংলা ও ইংরেজী বিষয়ে সাবলীল রিডিং যোগ্যতা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।	১। উপজেলা শিক্ষা অফিসার ২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার বাজিতপুর।
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, চলতি ডিসেম্বর/২০২৪খ্রি মাসে অত্র উপজেলার মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা/*২০২৪ খ্রি: অনুষ্ঠিত হয়। সরকারি নীতিমালা এবং নম্বর বন্টন	বিদ্যালয় গুলো নিয়মিত পরির্দশন করতে হবে।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

CS CamScanner

		অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রশ্নপত্র প্রনয়ন করে পরীক্ষা নেন। উপজেলা একাডেমিক সুপারভাইজার জনাব মোহাম্মদ মনিরুজ্জামান অত্র পরীক্ষা সরেজমিন পরিদর্শন করেন। চলতি মাসের ১৫ তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ হুমায়ুন কবির , বাজিতপুর কিশোরগঞ্জ তার চাকুরীকাল সন্তোষজনকভাবে শেষ করে অবসর জনিত অবসর বিদায় গ্রহন করেন। নতুন মাধ্যমিক শিক্ষ অফিসার হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন জনাব মোঃ আবুল হোসেন (অতিঃ দায়িত্ব), বাজিতপুর কিশোরগঞ্জ। ২০২৫ নতুন বছরের বিনামূল্যের পাঠ্যপুস্তক অত্র উপজেলায় এখন ও পাওয়া যায়নি। ইহা ছাড়াও অত্র কার্যালয়ের অন্যান্য বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে।		২। একাডেমি সুপার ভাইজার।
০৯	সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ	উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূনঃনির্মাণ জরুরি সহায়তা প্রকল্প (জিওবি-এডিপি) শিরোনামে একটি নতুন প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে।উক্ত প্রকল্প বাজিদপুর উপজেলায় মোট ১০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ,৪০টি ৬নং পাম্পযুক্ত গভীর নলকূপ,২টি পাবলিক টয়লেট এবং ২০টি ক্ষতিগ্রস্ত নলকূপ পূনঃবাসনে বরাদ্দ পাওয়া গিয়েছে।এই প্রকল্পের উপকারভোগী বা স্থান নির্বাচনের জন্য ADB এর পরামর্শক্রমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক (UNDP) কে দায়িত্ব প্রদান করা হয়েছে।	চলমান কাজ গুলো নির্ধারিত সময়ের মধ্যে বসানোর ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। তাছাড়া নতুন নলকুপ গুলো বরাদ্দ প্রদানসহ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বাজিতপুর
১০	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে,উপজেলা সমাজসেবা কার্যালয়ের দ্বিতীয় কিস্তির ভাতাভোগিদোর পেরোল পাঠানো হয়েছে। ৩০শে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা উপবৃত্তি এবং হিজরা বিশেষ ভাতাও উপবৃত্তির আবেদন চলমান। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে প্রস্তুত থাকায় ভাড়া প্রদান কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া নিবন্ধিত সেচ্ছাসেবী সংস্থার অনুদান গ্রহন আবেদন গ্রহণ চলমান রয়েছে। ক্যানসারসহ ৬ ধরনের জটিল রোগের ৫০০০০/- টকা এককালীন অনুদানের আবেদন এখন থেকে অনলাইন করে সংশ্লিষ্ট দপ্তরের হার্ডকপি জমাদিতে হবে তাছাড়া সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম নির্বিঘ্নে চলমান রয়েছে।	যেসকল ভাতা ভোগীগণ টাকা পাননি। তাদের ভাতা দ্রুত দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
১১	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বাজিতপুর সভায় জানান যে, তার দপ্তরের নভেম্বর/২৪খ্রি. মাসের কার্যক্রম উপস্থাপন করেন-স্থায়ী পদ্ধতি ঃ মহিলা- ১৬ জন, পুরুষ- ০১জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যান্ট-৯৭ জন, আইইউডি-১১জন, অস্থায়ী পদ্ধতি(বিতরন): খাবার বড়ি ১৭৮৪জন,কনডম:৫৯৮৬পিস,ইনজেকশন- ৫১৫(ভায়াল)।ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ডেলিভারীর সংখ্যা: ২০টি। সি. এস. বি.এ/ পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা :৩১টি । সাধারণ রোগী ৪২০৪জন, ০ - ৫ বছরের শিশু-৯৬২, কিশোর- কিশোরী-৪৮৩২ জন	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

		। এছাড়া গর্ভবতী, প্রসূতি সেবা, [illegible] নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনার অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে।সেবা, সাধারণ রোগী.[illegible] নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।		
১২	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় সরারচর ও বাজিতপুর এলএসডি-তে ১৫ডিসেম্বর/২০২৪খ্রি. তারিখে সর্বমোট মজুদ ২২৪১.৬৫৭ মেঃটন সিদ্ধ চাল এবং বাজিতপুর এলএসডি-তে সর্বমোট মজুদ ৬১.২৯০.০০ মে.টন চাল। টিসিবি খাতে ওএমএস এর চাল ডিসেম্বর/২৪ খ্রি. মাসের মধ্যে খাদ্য গুদাম হতে চাল উত্তোলন করা হবে। বাজিতপুর উপজেলার নভেম্বর/২৪ খ্রি. মাসের খাদ্যবান্ধব খাতে ০৭ (সাত)জন ডিলারের ৬১.২৯০ মে.টন চাল বিক্রয় অবশিষ্ট আছে।	ওএমএস কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর,
১৩	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা=২১৮টি। ২০২৩-২০২৪ বর্ষের ৭১টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নভেম্বর/২৪ মাস পর্যন্ত ৫০(পঞ্চাশ)টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। ২০২৪-২০২৫অর্থ বছরে ৩৬টি প্রাথমিক সমবায় সমিতির পরিদর্শন লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে নভেম্বর/২৪মাসে ২৩ (তেইশ)টি প্রাথমিক সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২২-২০২৩অর্থ বছরে বার্ষিক নিরীক্ষা সম্পাদনে লাভ হওয়ায় জুন/২৪ মাসে ১১৫০/-টাকা নিরীক্ষা ফি এবং ভ্যাট =১৭৩/-টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ৪৪টি প্রাথমিক সমবায় সমিতির নিরীক্ষা ফি ৭৫৩৪৫/-টাকা, ভ্যাট ১১৩০৮/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৩৭৬০৫/- টাকা ধার্য করা হয়েছে। জুন-২৪ মাসের মধ্যে অডিট ফি =৭৫৩৪৫/-টাকা ভ্যাট= ১১৩০৮/-এবং সমবায় উন্নয়ন তহবিল=৩৭৬০৫/-টাকা আদায় করে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। আদায়ের হার ১০০%। ২০২৩-২০২৪ অর্থবছরে লক্ষমাত্রা অনুযায়ী ০৫টি ভ্রাম্যমান প্রশিক্ষণে ১২৫জন সমবায়ীর মধ্যে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য মাত্রা রয়েছে। ডিসেম্বর/২৪ মাস পর্যন্ত ৫০জনকে ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ২০২৪ - ২০২৫ অর্থবছরে চলতি মাসে জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ কর্তৃক ডিসেম্বর/২৪মাসে ০১টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বাজিতপুর উপজেলার সমবায় সমিতি হতে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট মুক্তাগাছা, ময়মনসিংহে এবং বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ি কুমিল্লায় সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ডিসেম্বর/২৪ মাসে ৩ (তিন) জনকে বাংলাদেশ সমবায় একাডেমী , কোটবাড়ী কুমিল্লায় ২ মাস মেয়াদী ইলেক্ট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স	বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে ।	উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>লেভেল ২ শীর্ষক বিষয়ক প্রশিক্ষণের জন্য প্রেরন করা হয়েছে।
এছাড়াও সমিতির মনিটরিংসহ দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে পরিচালিত হচ্ছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, দপ্তরের পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমে নভেম্বর/২৪মাসে প্রতিবেদন নিম্নরূপ-
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকা/ জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৫৯০৪৪৪</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ বিতরণ</td><td>৪০২৫৮০০০</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ আদায়</td><td>৩৫৩৫৯২৬৭</td><td></td></tr>
<tr><td></td><td>আদায়ের হার</td><td>৯২.৭৯%</td><td></td></tr>
<tr><td></td><td>মোট খেলাপী ঋণ</td><td>১৯৭০৯২৮</td><td>খেলাপী অ ১৬৫৫০/-</td></tr>
<tr><td></td><td>মোটউপকার ভোগীর সংখ্যা</td><td>১০৪৯জন</td><td></td></tr>
<tr><td></td><td>চলমানউপকার ভোগীর সংখ্যা</td><td>২৮৪ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৫৭৪ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৭৫১জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট আত্নকর্মী সংখ্যা</td><td>৪৭৭২জন</td><td></td></tr>
<tr><td></td><td>অনুমোদিত জনবল</td><td>০৭জন</td><td></td></tr>
<tr><td></td><td>বিদ্যমান জনবল</td><td>০৫জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২৩-২০২৪ চক্রের নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণের ডি ও ইস্যূ করা হয়েছে । বাজিতপুর উপজেলার মহিলা বিষয়ক অফিসের মহিলাদের জন্য আইজিএ প্রকল্পের মেয়াদ শেষ বিধায় সকল প্রকার কার্যক্রম বন্ধ আছে। বাজিতপুর উপজেলার দরিদ্র মা ও শিশু সহায়তা কার্যক্রমের ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নাম্বারে টাকা প্রেরন করা হচ্ছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে ০৪টি মামলা পাওয়া গিয়াছে। ০১টি মামলার তদন্ত প্রতিবেদন আদালতে প্রেরণ হরা হয়েছে। বাকী ০৩টি মামলা তদন্ত চলমান রয়েছে। এছাড়াও বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি। বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যাহা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাশ করানো হয়।</td><td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রমসহ, যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।
২। বাল্যবিবাহ বিষয়ে জন-প্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা আনসার বিডিপি অফিসার</td><td>উপজেলা আনসার বিডিপি অফিসার, বাজিতপুর সভায় জানান যে, গ্রাম ভিত্তিক অন্তর্বিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ২০২৪-২০২৫ অর্থবছর (২য় ধাপ) এর জন্য হিলচিয়া ইউনিয়নকে বাছাই করা হয়েছে । হিলচিয়া ইউনিয়ন পরিষদে বাচাই কার্য্যক্রম সম্পন্ন করা হয়েছে।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা আনসার বিডিপি অফিসার</td></tr>
</table>

CamScanner

		বাজেট বরাদ্দ পেলেই সেখানে ১০দিন ব্যাপী গ্রামভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সঠিও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।		
১৭	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, (বিআরডিবি) পল্লী উন্নয়নে বিভিন্ন আইজ এ ভিত্তিক দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বিভিন্ন প্রকল্প/ কর্মসূচীতে ২০২৩-২০২৪ অর্থ বছরে সমিতি পর্যায়ে ৪০.৭০ লক্ষ ও একক উদ্যোক্তা পর্যায়ে ৭৫.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। অপরদিকে সমিতি পর্যায়ে ঋণ আদায় হয়েছে ৬.৯৫ লক্ষ টাকা ও একক উদ্যোক্তা পর্যায়ে ৩০.৬৫ লক্ষ টাকা। সদস্য সংখ্যা সমিতি পর্যায়ে ৯৫ জন ও একক উদ্যোক্তা ৪২ জন।	ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে। তাছাড়া সার্টিফিকেট মামলা সমূহ দ্রুত নিস্পত্তি করতে মামলার নির্ধারিত তারিখে খাতকের উপস্থিতি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৮	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, উক্ত ব্যাংকে মোট সমিতির সংখ্যা ৩২৪ টি মোট উপকার ভোগীর সংখ্যা: ১৩৪২০ জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণ:= ৬৩,২১,০০০০/- টাকা, ঋণ বিতরণ: ৪২,৯৮,১৮,০০০/-টাকা, ঋণ আদায় :২৮,৯১,৪২,০০০/- টাকা সার্ভিস চার্জ আদায় : ১,৪৯,০৫,৬৭২/-টাকা। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্ঠা বিদ্যমান আছে।	খেলাপী ঋণ আদায়েরে পদক্ষেপ নিতে হবে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করতে হবে।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
১৯	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন	উপজেলা দারিদ্র্য বিমোচর কর্মকর্তা জানান যে, মোট সমিতির সংখ্যা ১৩৮টি সদস্য সংখ্যা ৬৮৫৫জন ঋণ বিতরণ=৬২.৬৫%টাকা,ঋণ আদায়যোগ্য=৮১.৬৬/- টাকা ঋণ আদায়ের পরিমাণ=৭৮.৬৭/-ঋণ আদায়ের হার=৯৬% ।সঞ্চয় আদায়ের পরিমাণ=১৬.৩৭/-মাঠে পাওনা ঋণ পরিমাণ=১০২০.১৫/-খেলাপীর ঋণ পরিমান=৪৫২.২৯/-।	খেলাপী ঋণ আদায়েরে পদক্ষেপ নিতে হবে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করতে হবে।	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বাজিতপুর
২০	বিবিধ আলোচনা	উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদের জিপগাড়ি মেরামত ও সাভিসিং বাবদ মোট= ১৮,২৯০/- টাকা খরচ হয়। ২। ৫ আগস্ট/২৪ মাসের ছাত্র জনতার আহত ও নিহতদের স্মরন সভায় নিহতদের পরিবারবর্গকে ৩০,০০০/- টাকার চেক হস্তান্তর। ৩। উপজেলা পরিষদের বিভিন্ন পয়েন্টে ক্লোজ-সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য ব্যয়=৪৯,৭১০/-টাকা। ৪। ইসলামী ফাউন্ডেশানের অফিসে দরজা ও জানালা মেরামত বাবদ ব্যয়= ২২,২০০/- ৫। উপজেলা পরিষদের হলরুমের আসবাবপত্র মেরামত বাবদ =২৪৭৫০/-টাকা ব্যয় করা হয়। যা জরুরী ভাবে উক্ত কাজগুলো সম্পন্ন করতে হবে। তা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।	উক্ত কাজগুলো অতীব জরুরী বিধায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নিবার্হী অফিসার,বাজিতপুর ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় সকল সদস্যগণকে দায়িত্বপালনে সহযোগিতা করায় সকল সদস্যগণকে ধন্যবাদ জানান। তাছাড়া প্রতিটি দপ্তরের প্রধানগণের সমন্বয়ে ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান,প্যানেল চেয়ারম্যান ও জনপ্রতিনিধিগণ সহযোগিতার মাধ্যমে বাজিতপুর উপজেলাকে একটি সন্ত্রাস ও মাদকমুক্ত সমাজ গড়ে বাজিতপুরের উন্নয়নে সহযোগিতা কামনা করেন। তাছাড়া তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান , প্যানেল চেয়ারম্যান ও জনপ্রতিনিধিগণ এবং আইনশৃংখলাবাহিনীকে আইন শৃংখলা যাতে বিঘ্ন না ঘটে সে দিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করেন।

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
মোঃ ফারাশিদ বিন এনাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.২২- ৮৯৪ (৭৫)

তারিখঃ- ১৬.০৯.১৪৩১ বঙ্গাব্দ / ৩১.১২.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৩. সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৪. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
৫. মেয়র, বাজিতপুর পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ ।
৭. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
৯. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১০. জনাব ....

৩০/১২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ